

## মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়

শিশু শ্রম, বাধ্যতামূলক শ্রম, মানব পাচার এবং আন্তর্জাতিক শ্রম বিষয়ক দপ্তর

নির্বাহী আদেশ ১৩১২৬

২০১৪ সালের ২ ডিসেম্বর পর্যন্ত

বাধ্যতামূলক অথবা চুক্তিভিত্তিক শিশু শ্রম দ্বারা উৎপাদিত পণ্যের তালিকা

বাংলাদেশ

### শুটকি মাছ

জনশ্রুতি আছে যে শিশু, যাদের অধিকাংশই ৫-১৭ বছরের বালক, তাদেরকে বাংলাদেশের শুটকি মাছ উৎপাদনে কাজ করতে বাধ্য করা হয়। সম্প্রতি সর্বশেষ প্রাপ্ত সরকারী তথ্য-উপাত্ত অনুযায়ী, প্রায় ১৯০০ শিশু, অথবা ২৪ শতাংশ শিশু, যারা শুটকি মাছের কারখানায় কাজ করছে, তারা বাধ্যতামূলক অবস্থায় কাজ করছে। এই বাধ্যতামূলক শিশু শ্রমের ঘটনাগুলি ঘটেছে বঙ্গোপসাগরের উপকূলীয় জেলা বরগুনা, পটুয়াখালি, চট্টগ্রাম এবং কক্সবাজারে, যার মধ্যে বাগেরহাটের শিশুরা বাধ্যতামূলক শিশু শ্রমে সর্বোচ্চ অনুপাতে কাজ করছে। সরকারী তথ্য-উপাত্ত অনুযায়ী, কিছু শিশু আছে যারা মুচলেকা শ্রমিক হিসেবে কাজ করে, প্রায়শঃই সেটা ক'রে থাকে তাদের মাতাপিতাকে অগ্রিম অর্থ প্রদানের বিনিময়ের কারণে। এইসব শিশুরা স্বাধীনভাবে কর্মস্থল ত্যাগ করে বাইরে যেতে পারে না, এবং কোন কোন শিশুকে তাদের পরিবারের সঙ্গে যোগাযোগ করতেও দেয়া হয়না। কিছু কিছু শিশুকে শারীরিক নির্যাতন এবং পারিশ্রমিক কেটে নেয়ার হুমকি দিয়ে বাধ্যতামূলক ভাবে কাজ করানো হয়।